গাংনীতে গ্রীষ্মকালীন ফাইনাল খেলায় প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

৪৯ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার (১০ সেপ্টেম্বর) বিকেল ৪ টার সময় গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা স্কুল ক্রীড়া সমিতির আয়োজনে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল দল (বালক) ২-১ গোলে বাওট সোলায়মানী মাধ্যমিক বিদ্যালয় ফুটবল দলকে পরাজিত করে উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

এছাড়া জোড়পুকুরিয়া ফুটবল মাঠের ফাইনাল খেলার সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নিবার্হী অফিসার ও আয়োজক কমিটির সভাপতি মৌসুমী খানম।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এর আগে খেলার উদ্বোধন করেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, বাওট সোলায়মানী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সোহরাব হোসেন, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আরবিজিএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাবিবুর রহমান লিখনসহ বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী

শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলার ফলাফল শীট অনুযায়ী জানা গেছে, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল (বালক-বালিকা) প্রতিযোগিতায় হ্যান্ডবল ও কাবাডী (বালক) প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়। অন্যদিকে কাবাডী ও হ্যান্ডবলে(বালিকা) জেটিএস মাধ্যমিক বিদ্যালয় উপজেলা চ্যাম্পিয়ন হয়।

মাদক বিক্রির পাওনা টাকা আদায় করতেই জামালকে হত্যা

হেরোইন বিক্রির পাওনা টাকা আদায় করতেই জামালকে শ্বাসরোধ করে হত্যা শেষে তার ইজিবাইক ছিনতাই করে মাদক বিক্রেতা বাচ্চু মিয়া। এর আগে পূর্বপরিকল্পনামতে মেহেরপুর শহরের সন্নিকটে ময়ামারী রাস্তার লিচু বাগানে বসে দুজনে হেরোইন সেবন করে।

এর মাত্র এক দিনের ব্যবধানে সে ইজিবাইক বিক্রি করে কুষ্টিয়াতে। এসবই ছিল মাদক ব্যবসায়ী ঘাতক বাচ্চুর পূর্বপরিকল্পনা।
জামাল হত্যার প্রধান আসামি বাচ্ছু মিয়াকে আটকের পর পুলিশের কাছে প্রাথমিক জিজ্ঞাসাবাদে হত্যার কথা স্বীকার করে এসব কথা জানিয়েছে সে। বাচ্চু মিয়া মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের মৃত আব্দুল লতিফের ছেলে।

তথ্য প্রযুক্তি ব্যবহার করে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) ও সদর থানা পুলিশ যৌথভাবে গতকাল সকালে অভিযান চালিয়ে কুষ্টিয়ার কালিশংকরপুর এলাকা থেকে বাচ্চু মিয়াসহ তিনজনকে আটক করেন।

তারা হলেন বাচ্চু মিয়ার বোন সোনালী খাতুন ও ইজিবাইক ক্রেতা কুষ্টিয়ার বাঁশগ্রামের বুলবুল শেখের ছেলে রাজিব শেখ।
জানা গেছে, বাচ্চু মিয়া ও অটো চালক জামাল একসঙ্গে মাদক সেবন করতেন। বাচ্চুর কাছ থেকে মাঝেমধ্যে নিহত জামাল হেরোইন কিনতেন। ইতোমধ্যে অনেক টাকা পাওনা হয়েছে জামালের কাছ থেকে। বারবার তাগাদা দেওয়ার পরেও সে টাকা পরিশোধ করতে ব্যার্থ হন জামাল।

ঘটনার দিন কৌশলে জামালকে তার গ্রামের বাড়ি গাংনী উপজেলার ধলা গ্রাম থেকে মেহেরপুর শহরের ময়ামারী সড়কে নিয়ে আসে। সেখানে একটি লিচু বাগানে দুজনে নেশা করার পর বাচ্চু মিয়া নেশাগ্রস্থ জামালকে শ্বাসরোধ করে হত্যা করে । সেখানে লাশ ফেলে রেখে ইজিবাইক নিয়ে পালিয়ে যায়। পরে ইজিবাইকটি কুষ্টিয়ার আলমপুর নামকস্থানে বাবুল শেখের ছেলে রাজিব শেখের কাছে এক লক্ষ ৩০ হাজার টাকায় বিক্রি করেন। এক লাখ টাকা দিয়ে রাজীব কিনলেও ইজিবাইকের চার্জার সহ অন্যান্য কাগজপত্র দেওয়ার পরে বাকি ৩০ হাজার পরিশোধ করার কথা তার।

গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবির ওসি সাইফুল আলম, মেহেরপুর সদর থানার ওসি তদন্ত মেজবাহ উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স কুষ্টিয়ার কালিশংকরপুর গ্রামে অভিযান চালান।

এদিকে গতকাল শনিবার দুপুরের দিকে জামাল উদ্দীনের ভাই আলমগীর হোসেন বাদী হয়ে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেছেন।

শুক্রবার দিবাগত রাতে বাচ্চু মিয়াকে আটক করার পর তার স্বীকারোক্তি অনুযায়ী ইজিবাইকটি উদ্ধার করেন।

গত বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) বিকালের দিকে ৯৯৯ থেকে কল পেয়ে মেহেরপুর শহরতলির ময়ামরী সড়কের একটি লিচু বাগান থেকে অটো চালক জামাল উদ্দীনের লাশ উদ্ধার করেন।

উল্লেখ্য,জামাল হত্যার সাথে জড়িত আটক শোলমারী গ্রামের বাচ্চু মিয়ার বিরুদ্ধে মাদক বিক্রি, চুরি ডাকাতিসহ নানা অভিযোগ রয়েছে বলে জানিয়েছেন স্থানীয়রা। কিছুদিন আগেও মাদক মামলায় জেল থেকে জামিনে মুক্ত হয়েছে। তার নামে হেরোইন, ফেনসিডিল ও গাঁজা বিক্রির অভিযোগ উঠেছে। মামলাও রয়েছে একাধিক। পুলিশের ভয়ে সে পার্শ্ববর্তি ভারতেও পালিয়ে ছিলো দীর্ঘদিন। জামাল হত্যা মামলা তাকে আটকের পর এলাকার মানুষ মুখ খুলতে শুরু করেছে।

বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় বালক ফুটবল দল উপজেলা চ্যাম্পিয়ন

সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফাইনাল খেলায় বিজয়ীদের মাঝে আনুষ্ঠানিকভাবে পুরস্কার বিতরণ ও সমাপনি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার (১০ সেপ্টেম্বর) দুপুরের দিকে সদর উপজেলার ঝাউবাড়িয়া ফুটবল মাঠে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেনের সভাপতিত্বে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিতছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রব বিশ্বা স।

এসময় উপস্থিত ছিলেন, ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিয়ারুল ইসলাম, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আবুল কাশেম, সীমান্তে মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আলী প্রমূখ ।

জাতীয় স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় ফুটবলগ্রুপে উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় দল। দাবা বালিকাতে চ্যাম্পিয়ন মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী সাদিয়া তাবাচ্ছুম, দাবা বালকে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালক বিদ্যালয়ের ছাত্র তানজীফ রহমান, ফুটবল বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালিকা বিদ্যালয় ফুটবল দল, হ্যান্ডবল বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় দল, হ্যান্ডবল বালকে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালক বিদ্যালয় দল, কাবাডি বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় দল,

কাবাডি বালকে চ্যাম্পিয়ন হয়েছে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় দল, রিলেরেসে চ্যাম্পিয়ন হয়েছে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় দল।

মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের আহবায়ক কমিটি অনুমোদন

সনাতনী সম্প্রদায়ের (হিন্দু) মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের আহবায়ক কমিটি অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় পুঁজা উদযাপন পরিষদ।

বাংলাদেশ পুজা উদযাপন পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি শ্রী জেএল ভৌমিক ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার ১১ সদস্যের এই আহবায়ক কমিটির অনুমোদন দেন।

কমিটির আহবায়ক অভিজিৎ বোস মানা, যুগ্ম আহবায়ক শ্রী সুকুমার কর্মকার ও শ্রী গুরুপদ হালদার এবং সদস্য সচীব অশোক চন্দ্র বিশ্বাস। এছাড়া কার্যকরী সদস্য কার্তিক সাহা, সুব্রত সাহা বাপ্পা, অনন্ত হালদার, প্রদীপ কুমার পাল, মহাদেব দাস, শাধন কুমার দাস ও মনোরঞ্জন হালদার।

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দ সনাতনী সম্প্রদায়ের সকল অধিকার আদায়ে তৃনমূলের জেলা, উপজেলা এবং ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি গুলোকে গনতান্ত্রিক পদ্ধতিতে, গঠনতন্ত্র মোতাবেক স্বচ্ছতার ভিত্তিতে গঠন করার নির্দেশনা দিয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে

গ্রেফতার ২

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ২ আসামি গ্রেফতার হয়েছে।

সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১ আসামি ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ১ আসামি গ্রেফতার হয়েছে।

শনিবার দিবাগত রাতের পৃথক সময়ে পুলিশ অভিযান চালিয়ে এই দুজনকে গ্রেফতার করে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের টিম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (১১ সেপ্টেম্বর) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর জেলা পরিষদে আ.লীগের মাঝি অ্যাড. আব্দুস সালাম

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেয়েছেন বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সাবেক সহসভাপতি ও জেলা আওয়ামী লীগের সাবেক সদস্য অ্যাড. আব্দুস সালাম।

আজ শনিবার বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের সভানেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে স্থানীয় সরকার নির্বাচনের মনোনয়ন কমিটির সভা শেষে এ ঘোষনা দেওয়া হয়।

মেহেরপুর জেলা পরিষদে মনোনয়ন চেয়ে অ্যাড. আব্দুস সালামসহ ৮ নেতা মনোনয়ন পত্র জমা দিয়েছিলেন।

মুজিবনগরে কমিউনিটি বেইজড ট্যুরিজম ও ট্যুর গাইড প্রশিক্ষণ

বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে দারিদ্র্য দূরীকরণ, কর্মসংস্থান সৃষ্টি ও গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করার জন্য গ্রামীণ পর্যটনশিল্পের উন্নয়েনের প্রয়োজনে। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি-২০৩০) অর্জন ত্বরান্বিত করতে গ্রামীণ পর্যটনের গুরুত্ব অপরিসীম। বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO) এর পরিসংখ্যান অনুযায়ী একজন পর্যটক ১০টি কর্মসংস্থান সৃষ্টি করে থাকে।

বৈশ্বিক জিডিপিতে পর্যটনের অবদান ১০% পৃথিবীর অনেক দেশের জনগণের আয়ের অন্যতম উৎস হচ্ছে পর্যটন। পর্যটন একটি সেবাধর্মী শ্রমঘন শিল্প। প্রস্তাবিত জাতীয় শিল্পনীতি ২০২২ এ পর্যটনকে একটি শিল্প হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রস্তাবিত শিল্পনীতি অনুযায়ী পর্যটনে ১২টি উপখাতের আওতায় ১২০টিরও অধিক বিষয়কে পর্যটন শিল্পের আওতায় আনা হয়েছে যার মধ্যে কমিউনিটি বেইজড ট্যুরিজম, ট্যুর গাইড, পরিবহন ও আবাসন খাত অন্যতম।পর্যটন শিল্পের বিকাশ ঘটলে বাংলাদেশের স্থানীয় জনপদের লোকজন উপকৃত হবে তারাই পর্যটনের উন্নয়নে এগিয়ে আসবে।

এছাড়াও গ্রামের মানুষের মধ্যে মমত্ববোধ, ভালোবাসা, শ্রদ্ধা, সহযোগিতা, একতা, সাম্য বৃদ্ধি পাবে যা বর্তমানে চলমান উন্নয়ন অগ্রযাত্রাকে ত্বরান্বিত করে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সহযোগিতা করবে এবং বাস্তবায়িত হবে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা।

সেই লক্ষমাত্রা কে সামনে রেখে, মুজিবনগরে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আয়োজনে, দিন ব্যাপি কমিউনিটি বেইজড ট্যুরিজম ও ট্যুর গাইড প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্স অডিটরিয়ামে,বর্তমান সরকারের ২০১৮ সালের নির্বাচনী ইশতিহারে অন্যতম প্রতিশ্রুতি “আমার

গ্রাম আমার শহর” ধারণাটি গ্রামীণ পর্যটন উন্নয়নের সাথে সম্পর্কযুক্ত। আমাদের পার্শ্ববর্তী দেশ নেপাল ও ভারতসহ বিশ্বের অনেক দেশে গ্রামীণ ট্যুরিজম উন্নয়ন করা হচ্ছে, কারণ গ্রামীণ পর্যটন জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং আর্থসামাজিক উন্নয়নের ক্ষেত্রেও একটি কার্যকর অবদান রাখছে।

তার ধারাবাহিকতায় প্রতি বছর মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত মুজিবনগরে দেশের বিভিন্ন প্রান্ত থেকে বহু পর্যটকের সমাগম ঘটে। দর্শনার্থীগণ মুজিবনগরের পর্যটনের আকর্ষণীয় স্থানসমূহে স্থানীয় বাহন ভ্যানে করে সাধারণত ঘুরে বেড়ায়। ঐতিহাসিক মুজিবনগরে আগত পর্যটকদের এর ইতিহাস ঐতিহ্য সম্পর্কে অবহিত করার জন্য গাইড তৈরি করা এবং পর্যটকদের আবাসন ও খাবারের জন্য কমিউনিটি বেইজড ট্যুরিজম উন্নয়নের জন্য বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের তত্বাবধানে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে দক্ষ ট্যুর গাইড, ট্যুর অপারেটর, হোম-স্টে, পরিবহন কর্মীদের প্রশিক্ষণ প্রদান করার উদ্যোগ গ্রহণ করেছে।গ্রামীণ পর্যটন উন্নয়নের উপর গুরুত্বারোপ করে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার ৬০ জন ট্যুর গাইড, ৩০ জন কমিউনিটি বেইজড ট্যুরিজম উদ্যোক্তা ও ৯০ জন পরিবহন কর্মীদের নিয়ে দু’দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করেছে।

প্রশিক্ষণের প্রথম সেশনে দুই দিনব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব এর সঞ্চালনায় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মোকাম্মেল হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন (এমপি)।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর চেয়ারম্যান আলী কদর, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর প্রধান নির্বাহী কর্মকর্তা আবু তাহের মুহাম্মদ জাবের, মেহেরপুর জেলা প্রশাসক ড: মোহাম্মদ মনসুর আলম খান।
উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

উদ্বোধন শেষে দুই দিনব্যাপী কমিউনিটি বেইজড ট্যুরিজম ও ট্যুর

গাইড প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয় কমিউনিটি বেইজড ট্যুরিজম ও ট্যুর গাইড প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিবিটি এক্সপার্ট ও ফ্যাকাল্টি মেম্বার আনোয়ার হোসেন ভূঁইয়া মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার ট্যুরিজম উইন্ডো এর সত্ত্বাঅধিকারী(বিশিষ্ট ট্যুর গাইড) মনিরুজ্জামান মাসুম বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর সরকারি পরিচালক মাজহারুল ইসলাম,

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর সহকারী পরিচালক বোরহান উদ্দিন এবং মুজিবনগর টুরিস্ট পুলিশের পুলিশ উপ-পরিদর্শক দুই দিনব্যাপী কমিউনিটি বেইজড ট্যুরিজম ও ট্যুর গাইড প্রশিক্ষণে, মুজিবনগর উপজেলার ৬০ জন ট্যুর গাইড, ৩০ জন কমিউনিটি বেইজড ট্যুরিজম উদ্যোক্তা এবং ৯০ জন পরিবহন কর্মীকে প্রশিক্ষন প্রদান করা হয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৭ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৭ আসামি গ্রেফতার হয়েছে। এদের মধ্যে নিয়মিত মামলায় ৬ জন ও আদালতের পরোয়ানাভূক্ত ১ আসামি রয়েছে।

শুক্রবার (৯ সেপ্টেম্বর) সকাল থেকে আজ শনিবার (১০ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৪ ও আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ আসামি গ্রেফতার করে। এছাড়া মুজিবনগর থানা পুলিশ ১ আসামি ও সদর থানা পুলিশ ১ আসামি গ্রেফতার করেছে। ২৪ ঘন্টায় মোট ৪ টি মামলা রেকর্ড করা হয়েছে। সংশ্লিষ্ট থানা সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) অঅব্দুর রাজ্জাক, সদর

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এসব গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃতদের আজ শনিবার (১০ সেপ্টেম্বর) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

স্বদেশ প্রত্যাবর্তনকারী

অবসরপ্রাপ্ত কমিটির চতুর্থ

সম্মেলন

মেহেরপুরে স্বদেশ প্রত্যাবর্তনকারী অবসরপ্রাপ্ত সামরিক সদস্য কল্যাণ কমিটির চতুর্থ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বেলা ১১ টার সময় কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দদের সমন্বয়ে মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে সরকারের কাছে বিভিন্ন দাবী এবং মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি দেয়ার দাবী তুলে ধরে বক্তব্য রাখেন অনারারি ক্যাপ্টেন একেএম ফজলুল হক। সার্জেন্ট মোহাম্মদ লফিজ উদ্দিনের সভাপতিত্বে এবং মোহাম্মদ জাহিদুল ইসলামের সন্ঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,ভেড়ামারা কুষ্টিয়া অঞ্চলের সভাপতি সিনিয়র অফিসার আব্দুস সামাদ,রবিশাল জেলা সভাপতি সার্জেন্ট শাহজাহান আলী,দিনাজপুর জেলা সভাপতি ওহিদুজ্জামান,জাহাঙ্গীর নগর বিশ্ব বিদ্যালয়ের তথ্য গবেষনা বিষয়ক সম্পাদক সফিউল ইসলাম,ল্যান্স কর্পোরাল শাহাদত আলী, খুলনা বিভাগের সার্জেন্ট মোছাঃ হাসিনা বেগম ।

এসময় ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় সামরিক সদস্যদের ভুমিকা তুলে ধরে বক্তব্য রাখেন বক্তারা। অবসরপ্রাপ্ত সকল সামরিক সদস্যদের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি দেবার দাবী জানানো হয়।

বিজয়ী দলকে মহিষ ও রানার্স আপ দলকে গরু প্রদান

মেহেরপুরের গোভীপুর ভৈরব ক্লাব আয়োজিত ফুটবল টুর্নামেন্ট-২০২২ এর ফাইনাল খেলা শুক্রবার বিকালে গোভিপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়েছে।

ফাইনাল খেলায় ফতেপুর একাদশ টাইব্রেকারে ৬-৫ গোলে শক্তিশালী নাবিলা এন্টারপ্রাইজকে পরাজিত করে শিরোপা জিতে নেয়।

বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামানের সভাপতিত্বে অনুষ্ঠিত ফুটবল খেলার পুরুস্কার বিতরনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল এমপি। বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান, পুলিশ সুপার মো: রাফিউল আলম।

ফাইনাল খেলাটি নির্ধারিত সময়ে কোনো দলই গোল করতে না পারায় শেষ পর্যন্ত টাইব্রেকারের আশ্রয় নিতে হয়।
টাইব্রেকারে উভয় দলই ৭টি করে কেক নিয়ে ফতেপুর ৬টি এবং নাবিলা এন্টারপ্রাইজ ৫টি গোল করেন। ফতেপুর এর পক্ষে বিপা, কবীর,সুমন, বাল্লু, সবুজ এবং মাসুদ গোল করেন।

ফতেপুর এর আরিফের কিক বারে লেগে বাইরে চলে আসে। অপরদিকে নাবিলার পক্ষে হাসিব, রাজা, ওমর জাহিদ এবং রিয়াদ গোল করলেও দলের শামীম এবং রনির কিক বারে লেগে বাইরে চলে যায়।

খেলায় বিজয়ী দলের গোলরক্ষক জিয়া সেরা গোলরক্ষক, বিপা সেরা খেলোয়াড়। এবং রিজন ম্যান অব দ্য ম্যাচ নির্বাচিত হন। সজীব স্পোর্টস এর পক্ষ থেকে ম্যান অব দ্য ম্যাচ পুরস্কার দেওয়া হয়।

খেলা পরিচালনা করেন সুমন তাকে সহযোগিতা করেন আলমগীর হোসেন লালটু এবং জাহাঙ্গীর হোসেন।

গোভিপুর মাঠে অনুষ্ঠিত গোভিপুর ভৈরব ক্লাব কাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা দেখার জন্য এলাকার হাজার হাজার দর্শক

মাঠে উপস্থিত হন।

খেলায় বিজয়ী দলকে একটি মহিষ ও বিজীত দলকে একটি গরু উপহার দেয়া হয়।